দৈনিক সংবাদ

তারিখ 29 MAR 1989 ... ৭ 3
পৃষ্ঠা ... কলাম ...

16

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

## রাজশাহী নিউ গভঃ ডিগ্রী কলেজে ছাত্রীনিবাস চাই

রাজশাহী নিউ গভঃ ডিগ্রী কলেজ অত্র এলাকার একটি গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান। উত্তরাঞ্চলের বিভিন্ন এলাকার বিপুল সংখ্যক ছাত্রছাত্রী এই কলেজে অধ্যয়নের উদ্দেশ্যে ভর্তি হয়ে থাকে। প্রত্যন্ত অঞ্চলের ছাত্রদের জন্য এই কলেজের দুটো ছাত্রাবাস থাকলেও ছাত্রীদের জন্য কোন ছাত্রীনিবাস নেই। ফলে বিভিন্ন অঞ্চলের ছাত্রী যারা এই কলেজে অধ্যয়ন করে, তাদের চরম দুর্ভোগ পোহাতে হয়।

ছাত্রীনিবাস না থাকার কারণে অনেকেই এই কলেজে ভর্তি হয়েও পরবর্তীকালে এই কলেজ ছাড়তে বাধ্য হচ্ছে। আবার অনেক ছাত্রীর ইচ্ছা থাকা সত্ত্বেও এই কলেজে ভর্তি হতে পারছে না। আমাদের সমাজে নারীরা নানাভাবে বঞ্চিত। আমার মতে অত্র কলেজে ছাত্রীনিবাস না তৈরী করে এই এলাকার নারীদের ও একভাবে বঞ্চিত করা হচ্ছে। নারীদের অধিকার সমাজে সুনিশ্চিত করতে হলে তাদের সমস্যাবলী আমাদের যথাযথভাবে হৃদয়ঙ্গম করতে হবে এবং প্রতিকারের ব্যবস্থা করতে হবে।

অতএব রাজশাহী নিউ গভঃ ডিগ্রী কলেজে ছাত্রী-নিবাস তৈরী করে অত্র এলাকার ব্যাপক সংখ্যক ছাত্রীকে ভোগান্তির হাত হতে উদ্ধার করার জন্য যথাযথ কর্তৃপক্ষের আশু দৃষ্টি কামনা করছি।

শাহরিয়ার শফিউর রহমান
রাজশাহী নিউ গভঃ ডিগ্রী কলেজ,
রাজশাহী।